যুগান্তর

তারিখ ... 4 AUG 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

ফেসবুকে শিক্ষকদের সমালোচনা

# জাবি তদন্ত কমিটির সামনে ৭০ শিক্ষার্থী

**জাবি প্রতিনিধি**

শিক্ষকদের বিরুদ্ধে ফেসবুকে সমালোচনা করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের তিন ব্যাচের ৭০ শিক্ষার্থীকে বুধবার কারণ দর্শানোর নোটিশ দেয় বিভাগটি। নোটিশের পরিপ্রেক্ষিতে অভিযুক্ত শিক্ষার্থীরা বৃহস্পতিবার সকাল ১০টায় তদন্ত কমিটির সদস্যদের সামনে হাজির হন।

ফেসবুক পেজে শিক্ষকদের বিরুদ্ধে কি ধরনের সমালোচনা করা হয়েছে এ বিষয়ে কথা বলতে নারাজ বিভাগীয় শিক্ষকরা। জানতে চাইলে তদন্ত কমিটির আহ্বায়ক সহযোগী অধ্যাপক আবদুল্লাহ মোহাম্মদ সোহায়েল বলেন, এটা আমাদের বিভাগীয় ব্যাপার। তদন্ত কমিটি বিশ্ববিদ্যালয় করেনি, করেছে বিভাগ। এটা একটা ফ্যামিলি ম্যাটারের মতো। বিষয়টি আমরা বিভাগের মধ্যেই রাখতে চাই। আমরা চাই, বিষয়টি অভ্যন্তরীণ ভাবে সমাধান হোক।

নাম প্রকাশ না করার শর্তে বিভাগের একাধিক শিক্ষার্থী জানান, ফেসবুক পেজটিতে শিক্ষকরা পড়াতে পারেন না, গুগল থেকে স্লাইড ডাউনলোড করে ক্লাসে পড়ান, সিলেবাসের বাইরের বিষয় যেগুলো স্যাররা পারেন সেগুলো পড়ান— এ ধরনের সমালোচনা ছিল। যারা যারা পেজে প্রকাশিত বিভিন্ন পোস্টে লাইক-কমেন্ট করেছে তাদের সবাইকেই তদন্ত কমিটিতে ডাকা হয়েছে। হাজিরা দেয়ার বিষয়ে অভিযুক্ত শিক্ষার্থীরা বলেন, বিষয়টি বিভাগের অভ্যন্তরীণ ব্যাপার, তাই তেমন কিছু বলতে পারছি না।

এদিকে অনিবার্য কারণ দেখিয়ে বিভাগটির ৪২ ও ৪৩তম ব্যাচের চলমান পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ বিষয়ে বিভাগীয় সভাপতি সহযোগী অধ্যাপক মো. শরিফ হোসেন বলেন, এটা যেহেতু বিভাগীয় বিষয়— সুতরাং অভ্যন্তরীণভাবেই এর সমাধান করা হবে। বিশ্ববিদ্যালয়ের সুনাম যেন অক্ষুণ্ন থাকে এ জন্যই শিক্ষার্থীদের কারণ দর্শানোর নোটিশ দেয়া হয়েছে।